

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - সাত্র (সতর)

بَابُ السَّتْرِ

আরবী

وَعَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ صَلَّى فِي ثَوْبٍ وَاحِدٍ فاحِدٍ فاللهِ اللهُ فَاللهِ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ صَلَّى فِي ثَوْبٍ وَاحِدٍ فالمِخالِف بَين طَرفَيْهِ» . رَوَاهُ البُخَارِيّ

বাংলা

৭৫৬-[৩] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে সে যেন কাপড়ের দু'কোণ কাঁধের উপর দিয়ে বিপরীত দিক হতে টেনে এনে জড়িয়ে নেয়। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৬০, সহীহ আল জামি' ৬৩৬১, সহীহ ইবনু হিব্বান ২৩০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এরূপ তখন করবে যখন পরিধেয় কাপড়টি বড় বা প্রশস্ত হবে। আর যখন ছোট বা সংকীর্ণ হবে তখন তা তার কোমরে বাঁধবে। আলোচনায় ''মুশতামাল'' ''মুতাওশশাহ'' ও ''মুখলিফ বায়না ত্বারাফাইহি'' একই অর্থে ব্যবহৃত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন